

## ॥ উঠান ॥

য জোরদার ও খোলা বোলসমূহ নৃত্য এবং স্বতন্ত্র বাদনের প্রারম্ভে বাজান হইয়া গাকে এই প্রকার বন্দিশকে উঠান আখ্যা দেওয়া হয়। পূর্ব বাজের বাদকগণ স্বতন্ত্র বাদনের প্রারম্ভে উঠান বাজাইয়া থাকেন। উঠানকে টুকড়া ও পরণের এক প্রকার বলা হইতে পারে। ইহা টুকড়া অপেক্ষা জোরদার ও পরণ অপেক্ষা ছোট হইয়া থাকে। উঠান প্রথমে ঠায় বা বরাবর লয়ে বাজাইয়া পরে উহাকে দুগ, চৌগুণ ইত্যাদি লয়ে বাজান হয়। ত্রিতালের একটি উঠান এইরূপ—

ধেটেধেটে ধাগেতেটে ক্রেধাতেটে ধাগেতেটে | ক্রেধাতেটে ক্রেধাতেটে  
x ২

ক্রেধাতেটে ধাগেতেটে | ক্রেধাদীন নানাতেটে ধাগেতেটে তাগেতেটে |  
o

ক্রেধাঃমে কতাকতা ধাঃ কতাকতা | ধাঃ তাঃ, ধাগেতেটে তাগেতেটে |  
o x

ক্রেধাঃমে কতাকতা ধাঃ কতাকতা | ধাঃ তাঃ, ধাগেতেটে তাগেতেটে |  
২ o

ক্রেধাঃমে কতাকতা ধাঃ কতাকতা | ধা  
o x

## ✓ ॥ গৎ ॥ ২।

গৎ হইল একটি বৈশিষ্ট্যপূর্ণ বোলের বন্দিশ। গৎ এর বর্ণগুলি সাধারণত তবলার কানি, সুর ও গাবে উৎপন্ন হয়। অন্যান্য বোলগুলি হইতে গৎকে পৃথক করিবার প্রধান উপায় হইল যে, গৎ এ তেহাই সংযোগ হয় না। কোন কোন গৎ এর রচনা কায়দার ন্যায় হইয়া থাকে, অর্থাৎ প্রথম ভাগ ভরিয়ুক্ত ও দ্বিতীয় ভাগ খালি যুক্ত। কোন কোন গৎ আকারে বড় হইয়া থাকে। এই গৎগুলিকে দুপল্লী, তিপল্লী ও চৌপল্লী বলা হয়। এই গৎগুলি দুই-তিন আবর্তন পর্যন্ত দ্বিগুণ, তিগুণ, চৌগুণ ইত্যাদি লয়ে বাজান হয়। বিশেষ করিয়া স্বতন্ত্র বাদনে ইহাদের অধিক প্রয়োগ হইয়া থাকে। ফরুখাবাদ ঘরাণার বাননশৈলীতে গৎ বাদনের বিশেষ মহত্ব আছে। ত্রিতালের একটি গৎ নিম্ন প্রকার—

ধাগেঃতা কেটে,ধাগে ভেটেধেনা ঃড়ধাঃ | ধাগেতেটে ধেনাঃড়  
x ২

## ॥ তিপল্লী গৎ ॥

এক বা দুই আবর্তনের মধ্যে তিন প্রকার লয়ের রূপ প্রদর্শন করা হইলে তাহা তিপল্লী গৎ বলা হয়। এই গৎ-এ ক্রমাধয়ে তিনটি লয় দেখানো হয়। যেমন প্র-  
ঠার ও পরে দুগুণ, তিগুণ অথবা প্রথমে দ্বিগুণ ও পরে তিগুণ, চৌগুণ ইত্যাদি  
এই গৎ রূপায়িত হইয়া থাকে। ত্রিতালের একটি তিপল্লী গৎ নিম্নরূপ—

ধা ভেটে ধাধা ভেটে | ষেড়েনাগ দেনেতাক তাকতেরে কেটেতাক  
x  
২  
তাসকেড়েনাগ তাসকেড়েনাগ তেরেকেটেতাক তেরেকেটেতাক  
o  
ষেড়েনাগধাস ভেটেষেড়েনাগ তেরেকেটেতাক ধেরেকেটেতাক | ধ  
৩ x

## ॥ চৌপল্লী গৎ ॥

এক হইতে তিন আবর্তনের মধ্যে ক্রমাধয়ে চারিটি লয়ের রূপ প্রদর্শিত হইলে তাহাকে  
চৌপল্লী গৎ বলা হয়। ইহা প্রথমে ঠার ও পরে দ্বিগুণ, তিগুণ, চৌগুণ ইত্যাদি লয়  
বাজান হইয়া থাকে। ত্রিতালের একটি চৌপল্লী গৎএর নমুনা—

ধাগে ভেটে ভাগে ভেটে | ধাগেভেটে ভাগেভেটে গদিষেনে নাগেভেটে |  
x  
২  
ধাগেভেটেঘেনে ষেড়েনাগধেনে ধাত্রেকেধাগেনে ভাত্রেকেভাগেনে |  
o  
ধাগেভেটেগদিষেনে নাগেভেটেরেকেটেতাক | তাকেতাকেটেতাক ভেটেকভাগদিষেনে | ধা  
৩ x

ইহার বন্নিশ গঠিত হয়। কাহারবা তালের একটি লগ্গী এইরূপ—

<u>ধাগে</u>	<u>নাধি</u>	<u>সকধি</u>	<u>নাড়া</u>		<u>তাকে</u>	<u>নাতি</u>	<u>সকতি</u>	<u>নাড়া</u>	
x					o				

### ॥ বাঁট ॥

যেমন কায়দার বিস্তারকে পান্টা বলা হয়, তেমনি লগ্গীর বিস্তারকে বাঁট বলা হয়। লগ্গীতে প্রযুক্ত বোলগুলিকে বিভিন্ন প্রকার উলট-পালট করিয়া বাজাইলে তাহাকে বাঁট কহে। অন্য মতে কোন তালের বোল, তালি, খালি ইত্যাদির কোনরূপ পরিবর্তন না করিয়া ছন্দবৈচিত্র্য ঘটাইলে তাহাকেই বলা হয় বাঁট। উপরিলিখিত লগ্গীর বাঁট নিম্নে দেওয়া হইল—

<u>ধাগে</u>	<u>নাধা</u>	<u>সধা</u>	<u>গেনা</u>		<u>ধাগে</u>	<u>নাধি</u>	<u>সকধি</u>	<u>নাড়া</u>	
x					o				
<u>তাকে</u>	<u>নাড়া</u>	<u>সতা</u>	<u>কেনা</u>		<u>ধাগে</u>	<u>নাধি</u>	<u>সকধি</u>	<u>নাড়া</u>	
x					o				

### ✓ ॥ লড়ী ॥

যেমন কায়দার বহুপ্রকার পান্টা হইতে কোন একটি পান্টাকে তৈয়ারীর সহিত রেলার মত দ্রুতলয়ে বাজান হয়, তেমনি লগ্গীতে প্রযুক্ত বোলসমূহের কোন একটি ভাগ অথবা উহার কোন একটি বাঁটকে তৈয়ারীর সহিত রেলার মত দ্রুতগতিতে বাজাইলে তাহাকে লড়ী কহে। যেমন কাহারবার লড়ী—

<u>ধাগেনা,ধা</u>	<u>গেনাধাগে</u>	<u>ধাগেনাধি</u>	<u>সকখিনাড়া</u>	
x				
<u>তাকেনা,তা</u>	<u>কেনা,তাকে</u>	<u>ধাগেনাধি</u>	<u>সকখিনাড়া</u>	
o				

### ✓ ॥ চক্রদার বা চক্রদার টুকড়া ॥

তেহাইযুক্ত কোন বন্নিশ সম্পূর্ণরূপে তিনবার বাজাইয়া যদি অন্তিম ধা সফের ধা এর সহিত মিলিয়া যায় তবে তাহাকে চক্রদার বা চক্রদার টুকড়া আখ্য দেওয়া হয়। টুকড়া, পং, পরশ ইত্যাদি বন্নিশ দুই, তিন বা ততোধিক আবর্তনে চক্রদার নির্ধিত

<sup>১</sup> ডেরেকেটে ধা ধা ধা | <sup>২</sup> ডকতা কেরেকেটে ধেটে ধাগে

নাধা ডেরেকেটে ধা ধা | ধা S ] এই সম্পূর্ণ অংশটি তিনবার বাজিবে

## ॥ চক্রদার পরণ ॥

ডেহাইযুক্ত কোন বোলের সম্পূর্ণ অংশ তিনবার বাজাইয়া সম-এ আসিয়া মিঠি হইলে তাহাকে চক্রদার পরণ বলা হয়। ইহা ভালপরণের এক প্রকার। আধুনিককালে ভালপরণকে চক্রদার আখ্যা দেওয়া হয়। যেমন ত্রিতালের একটি চক্রদার পরণ—

[ ধাগেতেটে ধাগেতেটে ভাগেতেটে ভাগেতেটে | ফ্রেধাতেটে ধাগেতেটে  
<sup>x</sup> গদিষেনে নাগেতেটে | কতেটে, ভা গেনে, ধাগে <sup>২</sup> তেটেকতা গদিষেনে |  
গদিষেনে ধাS, গদি ষেনেধাS গদিষেনে | ধাS, গদিষেনে  
<sup>৩</sup> ধাS, গদি ষেনেধাS | গদিষেনে ধাS, গদিষেনে ধাS, গদি |  
ষেনেধাS গদিষেনে ধাS ] এই সাতাশ মাত্রা তিনবার বাজিবে।

## ॥ চলন বা চালা ॥

বিভিন্ন ঘরাণার ডবলা বাদকগণ বিভিন্ন ঢঙে ডবলা বাজাইয়া থাকেন। দিল্লী ঘরাণার ডবলা বাদকগণ যে ঢঙে পেশকার বাজাইয়া থাকেন লক্ষী ঘরাণার বাদকগণ সেই ঢঙে পেশকার বাজান না। এই বোল বাজাইবার বিভিন্ন প্রকার রীতিকে চলন বা চালা

